# উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটির সভার হাজিরা সীট

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও। সময় : ১২-৩০ টা, তারিখ : ১২-০৩-২০২৫ খ্রিঃ

| ক্রঃ নং | কর্মকর্তার নাম | পদবী | কমিটির পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ রকিবুল হাসান | প্রশাসক | সভাপতি | |
| ২ | মোঃ জয়নাল আবেদীন | চেয়ারম্যান, ৭ নং হাজীপুর ইউ.পি. | সদস্য | |
| ৩ | মোঃ সাইদুর রহমান | চেয়ারম্যান, ৯ নং সেনগাঁও ইউ.পি. | সদস্য | |
| ৪ | মোছাঃ টেলিনা সরকার হিমু | চেয়ারম্যান, ১১ নং বৈরচুনা ইউ.পি. | সদস্য | |
| ৫ | মোছাঃ জিন্নাতারা ইয়াছমিন | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য সচিব | |

CamScanner

## উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি: মো: রফিকুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
স্থান: উপজেলা পরিষদ সভাকক্ষ পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
তারিখ: ১২.০৩.২০২৫ খ্রি.
সময়: বেলা ১১.৩০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর কমিটির সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয়। কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে বিগত সভার কার্যবিবরণী অনুমোদন করা হয়। অতঃপর সভায় নিম্নরূপ আলোচ্যসূচি ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | **মহিলা প্রশিক্ষণ কেন্দ্র (WTC) :** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন যে, সদর কার্যালয়ের নির্দেশনা মোতাবেক রাজস্বখাতের অধীনে "আধুনিক দর্জিবিজ্ঞান ও এমব্রয়ডারী" ট্রেডে জানুয়ারি/২০২৫ হতে মার্চ/২০২৫ পর্যন্ত ৩০ (ত্রিশ) জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। | কোন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ শুরুর তারিখ হতে পরপর ৫ দিন অনুপস্থিত থাকলে অপেক্ষমান তালিকা হতে প্রশিক্ষণার্থী নেওয়ার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | মহিলা প্রশিক্ষণ কেন্দ্র (WTC) প্রশিক্ষণার্থী যাচাই/বাছাই কমিটি |
| ০২ | **"ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) কার্যক্রম":** এই কর্মসূচির আওতায় ২০২৫-২০২৬ চক্রের উপকারভোগী যাচাই-বাছাই এর সকল কার্যক্রম চলমান। | নির্ধারিত তারিখে খাদ্যশস্য বিতরণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ |
| ০৩ | **" মা ও শিশু সহায়তা তহবিল কর্মসূচি" :** ২০২৪-২০২৫ অর্থবছরে "মা ও শিশু সহায়তা তহবিল" কর্মসূচির আওতায় জুলাই/২০২৪ হতে মার্চ/২০২৫ পর্যন্ত ০৯ মাসের মোট ৯৭২ জন উপকারভোগীর ভাতা এন্ট্রি সম্পন্ন হয়েছে এবং ফেব্রুয়ারি/২০২৫ পর্যন্ত সকল ভাতাভোগী অনুমোদন দেওয়া হয়েছে। | প্রতি মাসের ১০ তারিখের মধ্যে ইউনিয়ন/ পৌরসভা কমিটির রেজুলেশনসহ অত্র কার্যালয়ে মা ও শিশু সহায়তার তালিকা প্রেরণ। | প্রশাসক, পীরগঞ্জ পৌরসভা, পীরগঞ্জ, ঠাকুরগাঁও। |
| ০৪ | **মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম :** এর আওতায় মোট ৩১১ জন মহিলাকে ঋণ প্রদান করা হয়েছে। ঋণ আদায়ের হার ৭৫% এবং ২০২৩-২০২৪ অর্থবছরে ০৮ জনকে ঋণ প্রদান করা হয়েছে। ঋণ আদায়ের হার ১০০% | | |
| ০৫ | **"কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প"** এর উপজেলায় ১১ টি কিশোর-কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। প্রতি ক্লাব সদস্যদের ৩০ টাকা হারে পুষ্টিকর/স্বাস্থ্যসম্মত নাস্তা সরবরাহ করা হচ্ছে। | | |
| ০৬ | **বাল্যবিবাহ, নারী নির্যাতন ও যৌতুক:** সভায় সদস্য সচিব জানান যে, যৌতুক, বাল্যবিবাহ, মানব পাচার এবং নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে ও শিশু শ্রম নিরসনে সচেতনতামূলক উঠান বৈঠক কার্যক্রম অব্যাহত রয়েছে। | | |
| ০৭ | **নিয়মিত সভার আয়োজন ও উপস্থিতি নিশ্চিতকরণ:** দুটি কমিটির সভা নিয়মিত আয়োজন করা প্রয়োজন। উক্ত কমিটির সভা নিয়মিত আয়োজন করার জন্য সদস্য সচিব কে কার্যকরী উদ্যোগ গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়। | | |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০৮ | বিবিধে আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষনা করা হয়। | | |

১২/৩/২০২৫

(মোঃ রকিবুল হাসান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
মহিলা ও শিশু উন্নয়ন কমিটি
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
পীরগঞ্জ, ঠাকুরগাঁও ।
http://dwa.pirganj.thakurgaon.gov.bd

স্মারক নং: ৩২.০১.৯৪৮২.০০০.১৪.০০৬.২৪-৪৬ তারিখ:১২/০৩/২০২৫ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে : (জেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। প্রশাসক, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
০২। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঠাকুরগাঁও।
০৩। চেয়ারম্যান-------নং-------------------ইউ.পি, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
০৪। অফিস নথি।

12.03.25

(মোছাঃ জিন্নাতারা ইয়াছমিন)
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
পীরগঞ্জ,ঠাকুরগাঁও।
uwao.pirganj.thakur@gmail.com

CamScanner